মেহেরপুর জেলা রোভারের ডে ক্যাম্প অনুষ্ঠিত

বাংলাদেশ স্কাউটস মেহেরপুর জেলা রোভার উদ্যোগে ডে ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার দুপুরে মেহেরপুর সরকারি কলেজ শিক্ষক মিলনায়তনে রোভার স্কাউটস সদস্যদের অংশগ্রহণের মধ্যে দিয়ে দিনব্যাপী এ কর্মসূচি পালন করা হয়।

রোভার পতাকা উত্তোলনের মধ্যে দিয়ে এ কর্মসূচির উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি জেলা রোভারের কমিশনার ও মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম।

জেলা রোভারের কোষাধ্যক্ষ রফিকুল আলম বকুলের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ও শিক্ষক পরিষদের সম্পাদক সহযোগি অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু, মেহেরপুর সরকারি মহিলা কলেজের শিক্ষক পরিষদের সম্পাদক ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক হাসানুজ্জামান ডাবলু, রোভার লিডার প্রতিনিধি ও সাবেক সম্পাদক আনোয়ার হোসেন, সহকারী কমিশনার জাহির হোসেন চঞ্চল প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা রোভারের সম্পাদক ফররুখ আহমদ উজ্জ্বল।

অনুষ্ঠানে রোভার লিডার মনোয়ার হোসেনসহ বিভিন্ন ইউনিটের আরএসএল, সিনিয়র রোভার মেট বাদশা খান, খুলনা বিভাগীয় সিনিয়র রোভার মেট প্রতিনিধি সাব্বির হোসেন জয় ,রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সিনিয়র রোভার মেট ইন্দ্রজিত চন্দ্র, সিনিয়র রোভার মেট অনিক হাসান ও সিনিয়র রোভার মেট নাফিউল ইসলাম।

অনুষ্ঠানে জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের রোভার সদস্যরা উপস্থিত ছিলেন। জেলা রোভারের সম্পাদক ফররুখ আহমদ উজ্জ্বল রোভার সদস্যদের করণীয় নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন।

অনুষ্ঠানের প্রধান অতিথি প্রফেসর রফিকুল ইসলাম রোভার সদস্যদের উদ্দেশ্যে বিভিন্ন দিক নির্দেশনামুলক ও তাদের উজ্জীবিত করতে বক্তব্য রাখেন। তিনি মাননীয় প্রধানমন্ত্রীর ২০৪১ সালের স্মার্ট বাংলাদেশ গড়তে রোভার সদস্যদের যোগ্য ও স্মাট হিসেবে নিজেকে গড়ে তোলার আহবান জানান।

তিনি বলেন, তোমরা এই স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্য হিসেবে দেশ গড়ার কাজে নিবেদিত প্রাণ কর্মী হিসেবে কাজ করবে এবং মানুষের সেবায় আত্মনিয়োগ করবে। একজন আদর্শ নাগরিক হিসেবে তোমাদের দায়িত্ব নিয়ে দেশের কল্যাণে কাজ করতে হবে।

অনুষ্ঠানে শেষে প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতায় জাতীয় পর্যায়ে ভাষা উপস্থাপনায় সারাদেশের মধ্যে দ্বিতীয় হওয়ায় সিনিয়র রোভার মেট বাদশা খান কে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। এছাড়া ১২ জন জেলা রোভারের কর্মকর্তা ও ৩৮ জন রোভার সদস্যকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়।